



সম্পত্তি হস্তান্তর আইন বাতিলের আলটিমেটাম মামুনুল হকের



মামুনুল হক। ছবি: সংগৃহীত

সম্পত্তি হস্তান্তর সংক্রান্ত নতুন আইন বাতিল না হলে দেশজুড়ে আন্দোলন গড়ে তোলা হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন বাংলাদেশ খেলাফত মজলিসের আমির আব্দুল মামুনুল হক। কোরআন-সুন্নাহর বিধানের সঙ্গে সাংঘর্ষিক কোনো আইন জনগণ মেনে নেবে না বলেও মন্তব্য করেন তিনি।

শনিবার (১২ সেপ্টেম্বর) দুপুরে বরিশাল টাউন হলে বাংলাদেশ খেলাফত মজলিস বরিশাল জেলা ও মহানগর আয়োজিত নাগরিক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মামুনুল হক বলেন, বিএনপি ক্ষমতায় গেলে কোরআন-সুন্নাহবিরোধী কোনো আইন করবে না বলে একাধিকবার অঙ্গীকার করেছে। অথচ গত ৬ সেপ্টেম্বর জাতীয় সংসদে আইনমন্ত্রী ‘প্রপারটি ট্রান্সফার-২০২৬’ নামে নতুন আইন প্রণয়ন করেছেন। আলেম সমাজের অনেকে এর কয়েকটি বিধানকে কোরআন-সুন্নাহর সঙ্গে সাংঘর্ষিক বলে প্রত্যাখ্যান করেছেন বলেও উল্লেখ করেন তিনি।

আইনটি বাতিলের দাবি জানিয়ে মামুনুল হক বলেন, মুসলমানদের কাছে কোরআন ও সুন্নাহ সর্বোচ্চ সম্মানের বিষয়। এসব বিধান অকার্যকর করার কোনো উদ্যোগ নেওয়া হলে এর বিরুদ্ধে কঠোর আন্দোলন গড়ে উঠবে বলে সতর্ক করেন তিনি।

তিনি বলেন, এই আন্দোলন কোনো নির্দিষ্ট রাজনৈতিক দলের মধ্যে সীমাবদ্ধ থাকবে না। আইন বাতিলের দাবিতে সর্বদলীয় ও নির্দলীয়ভাবে আন্দোলন গড়ে তোলা হবে।

জুলাই সনদ বাস্তবায়নের দাবিও জানান মামুনুল হক। তার বক্তব্য, জুলাই বিপ্লব শুধু সংশোধনের জন্য হয়নি; রাষ্ট্র ও রাজনীতিতে সংস্কার এনে দেশকে নতুনভাবে গড়ে তোলার লক্ষ্যেই এ আন্দোলন হয়েছে।

তিনি আরও বলেন, সংস্কারের মাধ্যমে সংবিধানে বিসমিল্লাহির রাহমানির রাহিম, আল্লাহর ওপর অবিচল আস্থা ও বিশ্বাস এবং তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা সংযুক্ত করতে হবে। পাশাপাশি জুলাই সনদ সংবিধানে অন্তর্ভুক্ত করা হলে ভবিষ্যতে দেশে আর কোনো ফ্যাসিবাদী শাসন প্রতিষ্ঠার সুযোগ থাকবে না।